


শতবর্ষে সাহিত্যিক অমিয়ভূষণ মজুমদার, গগনেন্দ্র চিত্র প্রদর্শনশালায় হয়ে গেল তাঁর আঁকা ছবির প্রদর্শনী

By: ABP Ananda, Web Desk






১০০ পেরিয়েছেন গড় শ্রীখণ্ড, রাজ নগর-এর লেখক। লেখার পাশাপাশি ছবিও আঁকতেন অমিয়ভূষণ মজুমদার। খুব কম লোকেই খবর রাখত আপন খেয়ালে আঁকা সেই সব ছবির। গগনেন্দ্র চিত্র প্রদর্শনশালায় সেই ছবিরই প্রদর্শনী হয়ে গেল।



----- Advertisement -----



অমিয়ভূষণ বলেছেন, “যখন লিখি না তখন ছবি আঁকি। আমার ছবি কোনও এগজিভিশনে পাঠাব কিনা ভাবি না। কিন্তু তুলির টানে ফলকে রঙ ধরলে মনে হয় মস্তিষ্কের সহস্রদল পদ্ব থেকে মধুস্রাব হচ্ছে। আমার যে উপন্যাস ছাপা হবে না তা লিখতেও এমন হয়।”




----- Advertisement -----



ছবি আঁকার কোনও প্রথাগত শিক্ষা ছিল না। কোনও কোনও সাহিত্যসৃষ্টির সময়ে সেই লেখাকে চিত্রে ধরতেন তিনি। যেমন তাসিলার মেয়র যখন লিখছেন, তখন আঁকছেন টি অ্যাট তাসিলা। এ কোনও বাস্তব জায়গা নয়, অমিয়ভূষণের কল্পনায় গড়ে ওঠা এক পার্বত্য জনপদ। এই তাসিলা বরাবর আচ্ছন্ন করে রাখে তাঁকে।





স্টপিং অ্যাট দ্য গেট। অমিয়ভূষণের অন্যতম ছবি।




----- Advertisement -----



তাঁর আঁকাকে বলা যেতে পারে তাঁর সাহিত্যের খসড়া। আবার পোর্ট্রেটও ঝঁকেছেন। এটি তাঁর স্ত্রী গৌরী দেবীর ছবি।







লেখকের আঁকা ৫০টিরও বেশি ছবির মধ্য থেকে ৩১টি ছবি নিয়ে এই প্রদর্শনী হয়ে গেল।

